



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৯১২.১৬- ৩৬৬৬


তারিখ: ২৫/০৪/২০১৬ খ্রিস্টাব্দ।

বিষয়: মোবাইল রিপেয়ারিং ও সার্ভিসিং প্রশিক্ষণে প্রদত্ত উপকরণসমূহ স্টক রেজিস্টারে লিপিবদ্ধকরণ ও হস্তান্তর।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পভুক্ত বিভিন্ন উপজেলা হতে নির্বাচিত ৪০ (চল্লিশ) জন সুফলভোগীকে গোপালগঞ্জের কোটালীপাড়াস্থ বাপার্ভে মোবাইল রিপেয়ারিং ও সার্ভিসিং বিষয়ে মাসব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ সমাপনীতে প্রত্যেক সুফলভোগী/প্রশিক্ষার্থীকে মোবাইল রিপেয়ারিং ও সার্ভিসিং সংশ্লিষ্ট বিভিন্ন উপকরণ (এভোমিটার, ল্যাম্প, পাওয়ার সাপ্লাইয়ার, হট এয়ারগান, তাতাল, টুলবক্স ইত্যাদি) সরবরাহ করা হয়েছে। প্রশিক্ষনোত্তর সরবরাহকৃত উপকরণসমূহের তথ্য সংশ্লিষ্ট উপজেলায় যথাযথভাবে সংরক্ষণ করা প্রয়োজন। এছাড়া প্রকল্প হতে সদস্যদের প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষনোত্তর উপকরণ সরবরাহের বিষয়টি সংশ্লিষ্ট উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী কর্মকর্তাকে অবহিত করাও প্রয়োজন।

এমতাবস্থায়, মোবাইল রিপেয়ারিং ও সার্ভিসিং বিষয়ে প্রশিক্ষনোত্তর সরবরাহকৃত উপকরণসমূহ উপজেলায় প্রকল্পের স্টক রেজিস্টারে লিপিবদ্ধ করতে এবং উহা সংশ্লিষ্ট উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী কর্মকর্তার উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে সুফলভোগীকে হস্তান্তর করে প্রকল্প পরিচালক (ইরেসপো) মহোদয়কে অবহিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
উপজেলাঃ -----
জেলা -----।



মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা
উপপ্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৯১২.১৬- ৩৬৬৬

তারিখ: ২৫/০৪/২০১৬ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা -----।
২. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা : -----, জেলা : -----।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা : -----, জেলা : -----।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।


মোঃ সিফাত আজাদ
সহকারী পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮৯০৩১